
115

দৈনিক ইত্তেফাক

তারিখ 15 DEC 1995
পৃষ্ঠা ১৪ কলাম ৪

# ইডেন কি বিশ্ববিদ্যালয় হচ্ছে?



ঢাকার কোন এক বাড়িতে ৪৭ জন ছাত্রী নিয়ে যাত্রা শুরু হয়েছিল বর্তমান ইডেন কলেজের। প্রথমে এটি ছিল একটি স্কুল। মেয়ে শিশুরা পড়তে আসতো এই স্কুলে। ১৯৬২ সাল পর্যন্ত শহরের বিভিন্ন ভাড়া করা বাড়ীতে ইডেন কলেজের কার্যক্রম চলেছে। ১৯২৬-২৭ সালে ইডেন স্কুল কলেজে রূপান্তরিত হয় বলে জানা যায়। এক সময় এই কলেজ টিকাটুলীর কামরুন্নেসা কলেজের বৈকালিক শাখার সাথে যুক্ত ছিল। কালের বিবর্তনে ইডেনের আজ কত বিস্তৃতি। প্রায় সাড়ে ৮ হাজার ছাত্র এখন পড়াশুনা করে এই বিশ্ববিদ্যালয় কলেজে। ঢাকার কেন্দ্রস্থলে এই কলেজের অবস্থান। সমাজের বিভিন্ন স্তরে এবং দেশের নেতৃত্বে যে সকল মহিলা রয়েছেন তাদের অধিকাংশরাই ইডেন কলেজের ছাত্রী। সরকারী এই কলেজটির লেখাপড়ার মান ভাল। সম্প্রতি জগন্নাথ কলেজ বিশ্ববিদ্যালয়ে রূপান্তরিত হওয়ায় ইডেন কলেজের ব্যাপারে আগ্রহ দেখা দিয়েছে অনেকের। দাবী উঠেছে ইডেনকে বিশ্ববিদ্যালয়ে রূপান্তর করার। কথা হল কলেজের বর্তমান ভিপি ছাত্রদল নেত্রী হেলেন জেরীন খানের সাথে। হেলেন বলেন, ইডেন কলেজ এশিয়ার মধ্যে সর্ব বৃহৎ মেয়েদের কলেজ। আমার জানা মতে, এশিয়ার মুসলিম দেশে মেয়েদের আলাদা কোন বিশ্ববিদ্যালয় নাই। বাংলাদেশ এই কৃতিত্ব দেখাতে পারে। বিশেষ করে আমাদের দেশে দুইটি প্রধান রাজনৈতিক দলের নেত্রী হলেন মহিলা। আমরা চাই দেশে একটি মহিলা বিশ্ববিদ্যালয় হোক। ইডেন কলেজই পাবে এই সম্মান। হেলেন বলেন, বিশ্ববিদ্যালয় হওয়ার মত যথেষ্ট যোগ্যতা রয়েছে ইডেনের। প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া ইডেন কলেজের উন্নয়নের ব্যাপারে যথেষ্ট সাহায্য সহযোগিতা করেছেন। আমাদের বিশ্বাস তার আন্তরিকতায় ইডেন অচিরেই বিশ্ববিদ্যালয়ে রূপান্তরিত হবে।

কথা হল কলেজের জি,এস সায়মনের সাথে। সায়মন বললেন, দেশে একটি মহিলা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার দাবী আমাদের দীর্ঘ দিনের। আমাদের বিশ্বাস সরকার এই দাবী পুরণ করবেন। সরমিন ইসলাম ডেইজী, ফাহিমা হুসাইন জুবলী, আফতারা নাসরিন, শামসাদ জেসমীন, মৌরী তানিয়া রোজীসহ কলেজের সাধারণ ছাত্রীদের সাথে কথা হল। কেন বিশ্ববিদ্যালয় চান? এই প্রশ্নের জবাবে তাদের বক্তব্য– নারী শিক্ষার উন্নয়নের লক্ষ্যে আমরা মহিলাদের একটি বিশ্ববিদ্যালয় চাই। আশা করি সরকার এবং সংশ্লিষ্ট সকল মহল আমাদের এই দাবী পুরণ করবেন।



ইডেন কলেজ